দৈনিক সংবাদ

তারিখ 31 DEC 1997
পৃষ্ঠা ১২ কলাম ৭

15

# শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করতে রাজনৈতিক দলের সুস্পষ্ট সিদ্ধান্ত চাই ঃ রাষ্ট্রপতি

ভৈরব, ৩০শে ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা)।— রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমেদ বলেছেন, শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করার ব্যাপারে রাজনৈতিক দলসমূহের নেতৃত্বকে সুস্পষ্ট সিদ্ধান্ত দিতে হবে। ছাত্র রাজনীতি যতদিন দলীয় রাজনীতির সঙ্গে সম্পৃক্ত থাকবে এবং যতদিন ছাত্ররা রাজনৈতিক দলের ক্রীড়নক হিসেবে কাজ করবে, ততদিন শিক্ষাঙ্গন রাজনীতিমুক্ত হওয়ার সম্ভাবনা নেই। আজ ভৈরবে হাজী আসমত কলেজের পঞ্চাশ বছর পূর্তি উপলক্ষে কলেজ প্রাঙ্গণে আয়োজিত সুবর্ণ জয়ন্তী উৎসবে রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমেদ প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

তিনি আরও বলেন, বর্তমানে সমাজে যে নৈতিক মূল্যবোধের অবক্ষয় চলছে তা শিক্ষাঙ্গনেও প্রতিফলিত হচ্ছে। বর্তমানে অনেক শিক্ষাঙ্গনেই শিক্ষার অনুকূল পরিবেশ নেই, বিরাজ করছে সন্ত্রাস। সন্ত্রাসীদের হাতে শিক্ষা প্রতিষ্ঠানসহ সাধারণ ছাত্র ও শিক্ষক শ্রেণী জিম্মি হয়ে পড়েছে। এ অবস্থার পরিবর্তন না হলে ভবিষ্যতে জাতির অবস্থা কোন্ জায়গায় গিয়ে উপনীত হবে তা কেউ বলতে পারছে না। তিনি অভিভাবক ও ছাত্রছাত্রীদের উদ্দেশে বলেন, অসদুপায় অবলম্বনের মাধ্যমে পরীক্ষায় নকল করে সনদপত্র লাভ করলে বাস্তব জীবনে কোন কাজে আসে না। প্রকৃত শিক্ষায় সুশিক্ষিত না হলে বাস্তব জীবনেও প্রতিষ্ঠা লাভ করা যায় না।

রাষ্ট্রপতি আরও বলেন, শিক্ষাই জাতির মেরুদণ্ড। অশিক্ষিত জনগোষ্ঠী নিয়ে জাতিকে সমৃদ্ধশালী করা সম্ভবপর নয়। এ জন্যে সমাজের প্রতিটি স্তরেই শিক্ষার আলো ছড়িয়ে দিতে হবে। আর তা না হলে জাতির কাছে ও আগামী প্রজন্মের কাছেআমরা দায়ী হয়ে থাকব। রাষ্ট্রপতি পরিশেষে তার ভাষণে ছাত্রছাত্রীদের লেখাপড়ায় মনোযোগী হওয়ার উপদেশ দান করেন।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী জিল্লুর রহমানের সভাপতিত্বে আয়োজিত হাজী আসমত কলেজের সুবর্ণ জয়ন্তী উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় সংসদের ডেপুটি স্পিকার আবদুল হামিদ, কিশোরগঞ্জের জেলা প্রশাসক এ, এম, এম ফরহাদ, কলেজের অধ্যক্ষ মুয়াজ্জম হোসাইন প্রমুখ বক্তৃতা করেন। এলজিআরডি মন্ত্রী জিল্লুর রহমান সভাপতির ভাষণে বলেন, বর্তমান সরকার দেশের প্রত্যন্ত অঞ্চলে শিক্ষার ব্যাপক প্রসারে বেশকিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে এবং জনগণের কাছে শিক্ষার মৌলিক অধিকার পৌঁছে দিতে বদ্ধপরিকর।

SHEET ___ OF ___ SHEETS